

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَبْصَرَنَا شَيْئًا مِنَ السَّمَاءِ تَعْنِي السَّحَابَ تَرَكَ عَمَلَهُ وَاسْتَقْبَلَهُ وَقَالَ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا فِيهِ» فَإِنْ كَشَفَهُ حَمَدَ اللَّهَ وَإِنْ مَطَرَتْ قَالَ: «اللَّهُمَّ سَقِّيَا نَافِعًا». رَوَاهُ أَبُو دَافُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهَ وَالشَّافِعِيُّ وَاللَّفْظُ لَهُ

বাংলা

১৫২০-[১০] 'আয়িশাহ্ (রোঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আকাশে মেঘ দেখলে কাজ-কর্ম ছেড়ে দিয়ে তার দিকেই নিবিষ্টিত হয়ে যেতেন। তিনি বলতেন, 'আল্ল-হুম্মা ইন্নী আ'উযুবিকা মিন শাররি মা- ফীহি' (অর্থাৎ হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই। এতে যে মন্দ রয়েছে তা হতে।)। এতে যদি আল্লাহ মেঘ পরিষ্কার করে দিতেন। তিনি আল্লাহর কাছে শুকরিয়া আদায় করতেন। আর যদি বৃষ্টি বর্ষণ শুরু হত বলতেন, 'আল্ল-হুম্মা সাকয়ান না-ফি'আনা-' (অর্থাৎ হে আল্লাহ! তুমি কল্যাণকর পানি দান করো)। (আবু দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ, শাফিউদ্দীন; শব্দাবলী তাঁর)[1]

ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ্ ৩৮৮৯, মুসনাদ আশ শাফিউদ্দীন ৫০১, আবু দাউদ ৫০৯৯, নাসায়ী ১৮৩০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56080>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন